

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.০১৪.০৯২.২০১৭-১০

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮

বিষয় : ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) শীর্ষক প্রকল্পের Design Build Operation (DBO) এবং Distribution Network Improvement (DNI) প্যাকেজের জন্য Asian Development Bank (ADB) কর্তৃক প্রদেয় অতিরিক্ত অর্থ চুক্তিবদ্ধ অর্থের মধ্যে পুনঃ বরাদ্দ ও সমন্বয় প্রসঙ্গে।

সূত্র : ঢাকা ওয়াসা স্মারক নং ৪৬.১১৩.৬০১.০০.০০.G-14(V-1)/DESWSP/3305, ২৫/১০/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) শীর্ষক প্রকল্পটি ৪টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। বৈদেশিক ঋণদাতা সংস্থা Asian Development Bank (ADB), European Investment Bank (EIB) এবং Agence Francaise de Development (AFD) এ প্রকল্পে অর্থায়ন করবে। ADB ঋণদাতা সংস্থাসমূহের মধ্যে Lead Donor এবং ADB'র অর্থ প্রকল্পের ৪টি প্যাকেজেই ব্যবহৃত হবে। EIB ও AFD'র অর্থ শুধুমাত্র DBO প্যাকেজে ব্যবহার হবে।

২। বর্ণিত প্রকল্পের ডিপিপি'তে DBO প্যাকেজের প্রাক্কলিত মূল্য ট্যাক্স/ভ্যাট ব্যতিত USD 216.02 মিলিয়ন ধরা আছে। কিন্তু উক্ত প্যাকেজের আর্থিক প্রস্তাব মূল্যায়ন শেষে Responsive Lowest (Negotiated) Bid Price পাওয়া যায় USD 314.28 মিলিয়ন ডলার। এর ফলে প্যাকেজভুক্ত কাজ সম্পাদনের জন্য ট্যাক্স/ভ্যাট ব্যতিত প্রাক্কলিত মূল্য অপেক্ষা USD 314.28 - USD 216.02 = USD 98.26 মিলিয়ন অতিরিক্ত অর্থের প্রয়োজন। ২ মার্চ ২০১৭ এবং ৩০ মে ২০১৭ তারিখে ADB'র Loan Review Mission এর Aide Memoire - এ অতিরিক্ত অর্থ সংস্থানের বিষয়ে উল্লেখ করা হয়েছে যে, DBO প্যাকেজের এই অতিরিক্ত অর্থ বাংলাদেশ সরকারের অনুরোধ সাপেক্ষে ADB ঋণ হিসেবে প্রদান করতে সম্মত আছে। অতিরিক্ত অর্থায়নের পূর্বে DBO প্যাকেজের Advance Payment প্রদানের জন্য এডিবি'র সাথে সম্পাদিত চুক্তির অর্থ ২৫০ মিলিয়ন ইউএসডি (১৬৪.০০ মিলিয়ন SDR) এর মধ্যে প্যাকেজ ভিত্তিক সমন্বয়ের প্রয়োজন। প্রকল্পের Distribution Network Improvement (DNI- ICB-02.7) প্যাকেজের কাজের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এডিবি কর্তৃক ২৪.৬৩ মিলিয়ন SDR এর স্থলে ৩০.২৬০ মিলিয়ন SDR সমন্বয়েরও প্রয়োজন।

DBO প্যাকেজের Share Contribution ও প্রস্তাবিত Contribution নিম্নরূপ :


		ADB		AFD		EIB	
		% share	Amount (\$ million)	% share	Amount (\$ million)	% share	Amount (\$ million)
Current (at loan Commitment)	216.02	16%	34.56	27%	27%	57.33	123.13
Proposed (after price negotiation)	314.28	42.26	132.82	18.56	18.56	58.33	123.13

৩। এ প্রেক্ষিতে প্রকল্পের DBO ও DNI প্যাকেজে ADB'র Loan Contribution পূর্বের (35.0411 + 34.56) = 69.6011 মিলিয়ন USD থেকে (43.0509 + 132.82)=178.8709 মিলিয়ন USD বা 123.62 মিলিয়ন SDR (1.0 SDR = 1.4227 USD)-এ উন্নীত করা প্রয়োজন। এ ব্যয় এডিবি'র সাথে ইতোপূর্বে সম্পাদিত ১৬৪.০০ মিলিয়ন SDR ঋণ চুক্তির মধ্যেই সমন্বয় করা হবে। প্রকল্পের DBO ও DNI প্যাকেজ দুটিতে Asian Development Bank (ADB) কর্তৃক প্রদানকৃত অতিরিক্ত অর্থ পূর্বের চুক্তিকৃত অর্থের মধ্যে বরাদ্দ প্রদানসহ সমন্বয়ের লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে এডিবি'কে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা ওয়াসা অনুরোধ করেছে।

০ ২

৪। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার প্রস্তাবনানুসারে Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) শীর্ষক প্রকল্পের Design Build Operation (DBO) এবং Distribution Network Improvement (DNI) প্যাকেজের জন্য Asian Development Bank (ADB) কর্তৃক প্রদেয় অতিরিক্ত অর্থ চুক্তিবদ্ধ অর্থের মধ্যে পুনঃ বরাদ্দ ও সমন্বয়ের প্রস্তাব অনুমোদনের জন্য এডিবি'কে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোন : ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি : (সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, Dhaka Environmentally Sustainable Water Supply Project, ঢাকা ওয়াসা।
- ✓ ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।